কালীগঞ্জে বাজার মনিটরিং টিম পরিচালনা

ঝিনাইদহের কালীগঞ্জে নিয়মিত বাজার মনিটরিং কার্যক্রমের অংশ হিসেবে আজ উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সূবর্ণা রাণী সাহার নেতৃত্বে মনিটরিং টিম পরিচালনা করা হয়।

অভিযান পরিচালনাকালে কালীগঞ্জ ফারইষ্ট কোল্ড স্টোরেজে অভিযান চালনো হয় এবং কোল্ড স্টোরেজে মজুদকৃত আলুর সকল মালিকদের সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে দ্রুত আলু বাজারজাতকরণের জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়।

এছাড়াও বাজার মনিটরিং কালে দৃশ্যমান স্থানে দ্রব্যের মূল্য তালিকা না থাকায় কালীগঞ্জ কাঁচা বাজারে মোবাইল কোর্ট পরিচালনা করে ভোক্তা সংরক্ষণ আইন ২০০৯ এর আওতায় ২ জনকে ২৩০০/- টাকা অর্থদন্ড প্রদান করা হয়।

এসময় ঝিনাইদহ ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল, এনএসআই এর সহকারী পরিচালক সিরাজ-উদ-দৌলা, উপজেলা কৃষি অফিসার হুমায়ুন আহমেদ, কালীগঞ্জ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এবং কালীগঞ্জ থানার পুলিশ উপস্থিত থেকে সহযোগিতা করেন।

কোটচাঁদপুরে মামাকে পিটিয়ে জখম করেছে ভাগ্নে

ঝিনাইদহের কোটচাঁদপুরে মামীর সাথে পরকিয়ার ঘটনাকে কেন্দ্র করে মামাকে পিটিয়ে জখম করেছে ভাগ্নেসহ কিছু দুষ্কৃতিকারী।

গত শনিবার বিকালে উপজেলার বলুহর ইউনিয়নের কাগমারী গ্রামের ছটাংদাড়ি পাড়ায় এ ঘটনা ঘটে। হামলায় ওই এলাকার আবু হানিফের ছেলে ওমর ফারুক (২৫) ও মামাতো ভাই একই এলাকার আব্দুল হান্নান মুন্সির ছেলে আব্দুল গফুর সহ একই পরিবারের ৮ জন আহত হন। এঘটনায় আদালতে

মামলার পস্তুতি চলছে বলে জানিয়েছেন ভুক্তভোগী পরিবার।

পরিবার সূত্রে জানা যায়, উপজেলার কাগমারী গ্রামের ছটাংদাড়ি পাড়ার আবু হানিফের ছেলে ইয়াকুব আলীর স্ত্রীর সঙ্গে দীর্ঘদিন ধরে পরকিয়া প্রেম করে আসছে একই এলাকার তাজুল ইসলামের পুত্র ইসমাঈল হোসেন (১৬)।

ঘটনার বিষয়ে জানতে পেরে মামা ইয়াকুব আলী ভাগ্নে ইসমাঈল হোসেনকে এই ব্যাপারে নিষেধ করেন। পরবর্তিতেও ভাগ্নে ইসমাঈল হোসেন মামীর সঙ্গে মোবাইল ফোনে কথা বলা সহ পরকিয়া প্রেম চালাতে থাকে। কিছুদিন পর পারিবারিকভাবে ভাগ্নেকে ডেকে এই কাজ থেকে বিরত থাকতে বলেন পরিবারের সদস্যরা। কিন্তু ভাগ্নে ইসমাঈল হোসেন ঘটনার বিষয়ে অস্বীকার করে এবং ক্ষিপ্ত হয়ে মামাদের উপর হামলা চালায়।

এঘটনায় গত ১২ অক্টোবর ইয়াকুব আলীর মা বাদী হয়ে কোটচাঁদপুর থানায় অভিযুক্তদের বিরুদ্ধে লিখিত অভিযোগ করেন। পরবর্তিতে এলাকার চেয়ারম্যান মেম্বারদের উপস্থিতিতে বিষয়টি মীমাংসা করার চেষ্টা করা হয়। কিন্তু কথা কাটাকাটির এক পর্যায়ে ভাগ্নে ইসমাঈল হোসেন ও তার ভাই রুবেল হোসেন (২৩) সহ কিছু যুবক তাদের উপর হামলা চালায়।

এঘটনায় গুরতর আহত মামা ওমর ফারুক কোটচাঁদপুর স্বাস্থ্যকমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন। এরপরও ভাগ্নে ইসমাঈল হোসেন বিভিন্নভাবে তাদেরকে হুমকি দিয়ে আসছে বলে জানান মামা ইয়াকুব আলী। এব্যাপারে আদালতে মামলার পস্তুতি চলছে।

শৈলকুপায় চলছে ব্যতিক্রমী নাইট ফুটবল টুর্নামেন্ট

ঝিনাইদহের শৈলকুপায় রাতের নিস্তব্ধতা ভেঙ্গে চলছে ব্যতিক্রমী ফুটবল টর্নামেন্ট। এসব নিয়ে ক্রিড়ামোদী ও দর্শকদের মাঝে শুরু হয়েছে উৎসবের আমেজ।

শৈলকুপার কবিরপুর মডেল প্রাথমিক বিদ্যালয় মাঠে শত শত দর্শক মাঠে বসে খেলা উপভোগ করছে। অভিভাবক আর আয়োজকরা বলছে করোনা মহামারির দুর্যোগ কাটিয়ে এ এক নব উদ্যোম, ক্রিড়াঙ্গন সচল থাকলে মাদক, ধর্ষণ আর হানাহানির প্রবণতাও কমবে।

ফ্লাড লাইটের আলোয় প্রথমবারের মতো রাতের নিস্তব্ধতা ভেঙ্গে খেলার মাঠে হাজির হতে থাকে দর্শক। কিশোর-তরুণ থেকে শুরু করে বয়স্ক মানুষগুলোও হাজির রাতে ফুটবল খেলা দেখতে । ঝিনাইদহের শৈলকুপার কবিরপুর স্কুল মাঠটি এখন আলো ঝলমলে। স্ব-স্ব দলের সমর্থনে কোলাহল, হৈচৈ-চেচামেমিতে মুখোরিত মাঠের চতুরপাশ। করোনার ভয়াল থাবা কিছুটা কমলেও করোনা সচেতনতা ভুলে যায়নি দর্শকদের অনেকে । কেউ এসেছে মাস্ক পরে, মানছে সামাজিক দূরত্ব ।

জেলায় প্রথমবারের মতো এই ফ্লাড লাইটে ফুটবলের আয়োজন উল্লেখ করে ক্রীড়ামোদী ও খেলোয়াড়রা জানান, এমন ফুটবল খেলায় খেলোয়ারদের মনে উৎফুল্লতা থাকবে, আগ্রহ তৈরী হবে ফুটবল খেলায়। টুর্নামেন্টে রেফারীর দায়িত্বে থাকা জনপ্রিয় ফুটবলার সাধান কুমার জানান, জেলার মধ্যে প্রথম ফ্লাড লাইটে ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হচ্ছে।

আয়োজকদের অন্যতম আমানত হোসেন জানান, জেলা সহ বিভিন্ন জেলা থেকে ভালো ভালো খেলোয়াড় অংশ নিচ্ছে নাইট ফুটবল টুর্নামেন্টে। দীর্ঘদিন পরে এই আয়োজন সুস্থ্য-সবল রাখা, মনের খোরাক যোগানো সহ সকল কে মুগ্ধ করছে বলে জানান কমিশনার শওকত হোসেন।

৮টি দলের অংশগ্রহণে ‘নাইট ফুটবল টুর্নামেন্ট সুপার সেভেন-২০২০’ এ প্রত্যেক দলে ৭জন করে খেলোয়াড় মিনিবারে নক আউট পদ্ধতিতে অংশ নিচ্ছে। ভোরের পাখি ক্লাবের আয়োজনে ১৮ অক্টোবর রাতে প্রথম খেলায় কবিরপুরের নিউস্টার স্পোর্টিং ক্লাব কে টাইব্রেকারে ১-০ গোলে পরাজিত করে জয়ী হয়েছে ফাজিলপুরের স্টাইলস ফুটবল দল । খেলা চলছে ৭০ মিনিটের। ফাইনালে পুরষ্কার থাকছে ট্রফি, ফ্রিজ, এলইডি টিভি।

নিত্য পণ্যের মূল্য নিয়ন্ত্রণে হরিণাকুণ্ডু’র হাট বাজারে অভিযান

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার বিভিন্ন হাট-বাজারে আলু ও পেয়াজসহ নিত্য পণ্যের বিক্রয় মূল্য নিয়ন্ত্রণে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করছেন নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা।

গতকাল উপজেলার পার্বতীপূর ও দখলপুর বাজারে এই ভ্রাম্যমাণ আদালতে ব্যপারী ও খুচরা বিক্রেতাদের নিকট নগদ অর্থ জরিমানা করা হয়।

এসময় তিনি সাত অসাধু ব্যবসায়ীর বিরুদ্ধে মামলা ও নগদ সতেরো শত টাকা জরিমানা আদায় করেন।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনার সময় থানার পুলিশের সহযোগিতা পাশাপাশি স্থানীয় সাংবাদিক ও বাজার কমিটির সদস্যরা উপস্থিত ছিলেন।

কালীগঞ্জে ইজিবাইকে অতিষ্ঠ নগরবাসী

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার গ্রাম্য সড়ক থেকে শুরু করে উপজেলার মধ্যকার সড়ক-মহাসড়ক এখন ইজিবাইকের দখলে।

শিশু ও অদক্ষ চালকরা কোনো নিয়মনীতি না মেনে উপজেলার সড়কে যেখানে সেখানে ইজিবাইক থামিয়ে যাত্রী ওঠানামা করছে। এছাড়াও চালকদের মধ্যে অপ্রাপ্তবয়স্ক শিশু এবং প্রশিক্ষণ প্রাপ্ত না হওয়ার হামেশাই ঘটছে দুর্ঘটনা ও যানজট।

যানবাহনে লাগানো হয় চোখ ঝলসানো এলইডি লাইট। অসংখ্যা ইজিবাইকের

কারণে কালীগঞ্জ উপজেলা সদরের মেইন বাসস্ট্যান্ড, মধুগঞ্জ বাজার, নলডাঙ্গা বাজার, কোলা বাজার, নিমতলা বাসস্ট্যান্ড, কোটচাঁদপুর রোড, দুলাল মুন্দিয়া বাজার, বারোবাজার, চাপরাইল বাজার, গাজীর বাজারসহ বিভিন্ন এলাকায় প্রতিনিয়ত অসহনীয় যানজটের সৃষ্টি হচ্ছে।

ভুক্তভোগীরা জানান, উপজেলায় চলাচলরত ইজিবাইক চালকরা কোনো নিয়ম শৃঙ্খলার তোয়াক্কা না করে সড়কে ইচ্ছামতো ইজিবাইক ঘুরিয়ে ফেলতে যায়, আবার রাস্তার ভাঙ্গা চোরা অংশ পরিহার করে ভালো অংশ দিয়ে যেতে চায়, ফলে তারা ঘন ঘন রাস্তায় এপাশ ওপাশ করে পথ চলে।

এমন অবস্থায় মোটরসাইকেলসহ দ্রুত গতির পরিবহনের পেছন থেকে আগে উঠতে গেলে ইজিবাইকে ধাক্কা লেগে প্রতিনিয়ত ছোট বড় দুর্ঘটনা ঘটছে। ইজিবাইক চালকদের খামখেয়ালীতে কালীগঞ্জ বাজার এলাকায় সৃষ্টি যানযট এখন প্রতিদিনের চিত্র। সাধারণ পথচারিদের অভিযোগ, ইজিবাইক চালকরা উপজেলার মধ্য যেখানে সেখানে তাদের বাইক পার্কিং করার কারণে সৃষ্ট যানজটে ২-৩ মিনিটের রাস্তায় কখনও কখনও ১০-১৫ মিনিট সময় লেগে যায়।

প্রাপ্ত তথ্যমতে ২০১৪ সালের দিকে কালীগঞ্জ উপজেলায় অল্প কিছু সংখ্যক ইজিবাইক দেখা গেলেও বর্তমানে প্রায় আড়াই হাজার বেশি ইজিবাইক চলাচল করছে।

সরেজমিন উপজেলার বিভিন্ন সড়ক ঘুরে দেখা গেছে, যারা ইজিবাইক চালাচ্ছেন, তাদের মধ্যে ১২-১৩ বছর বয়সের কিশোরও রয়েছে। এখন প্রতিদিন নতুন নতুন ইজিবাইক সড়কে নামানো হচ্ছে। এসব ইজিবাইক এলাকার যে কোনো সড়কে চালানোর কোনো অনুমতি না থাকলেও যাত্রী নিয়ে মহাসড়কে বেপরোয়া দ্রুত গতিতে যানবাহনের সাথে পাল্লা দিয়ে যাত্রী বহন করছে।

এসব ইজিবাইক চালকদের মধ্যে কেউ মাঠে কৃষক, শ্রমিক অথবা আগে রিকশা, ভ্যান চালাতেন। আবার কেউ কেউ বয়সে কিশোর, এদের শতকরা ৮০ জন চালকই জানেন না কিভাবে রাস্তায় ইজিবাইক চালাতে হয়। তারপরও তারা নিয়মিত সড়ক মহাসড়ক ছাড়াও গ্রামঅঞ্চলের সড়কে ৮/৯ জন করে যাত্রী নিয়ে বেপরোয়া গতিতে চালিয়ে যাচ্ছেন।

এছাড়াও বর্তমানে এসব যানবাহনে চালকরা লাগাচ্ছেন চোখ ঝলসানে এলইডি লাইট। রাত্রে যখন এসব যানবাহন এলইডি লাইট জ্বালিয়ে বেপরোয়া ভাবে দ্রুত গতিতে চলাচল করে তখন বিপরীত দিক থেকে আসা পথচারী, বাইসাইকেল, মটরসাইকেল চালকরা সামনে কিছুই দেখতে পারে না।

ফলে প্রতিনিয়ত ঘটছে দুর্ঘটনা।

ইজিবাইক চালক খায়রুল জানান, তিনি ৪-৫ বছর ধরে ইজিবাইক চালাচ্ছেন। এটা চালিয়ে ৫ সদস্যর সংসারে জীবিকা নির্বাহ করেন। তবে তিনি স্বীকার করেন যে হারে প্রতিদিন নতুন নতুন ইজিবাইক রাস্তায় নামছে তাতে যানযট সৃষ্টি হচ্ছে। তার অভিযোগ নতুন ইজিবাইক চালকরা আইনকানুন মানে না। কে কত টাকার ভাড়া আয় করবে তারা সেই প্রতিযোগিতায় ব্যস্ত। এর কারণে প্রতিনিয়ত দুর্ঘটনা ঘটছে।

এ ব্যাপারে কালীগঞ্জ থানার অফিসার ইন-চার্জ (ওসি) মুহা: মাহফুজুর রহমান মিয়া জানান, ইতোপূর্বে পৌর কর্তৃপক্ষ ২ বার মাইকিং করেছেন যাতে অপ্রাপ্ত ও বয়স্করা মোটরসাইকেল-ইজিবাইক না চালায় এবং তাদের চালানোর অনুমতি দেয়া হবে না। ইজিবাইক চালাকদের নিয়ন্ত্রিতভাবে চালানোর পরামর্শ দেয়া হচ্ছে। আর আইন অনুসারে মহাসড়ক, বাজার এলাকা, মেইন বাসস্ট্যান্ড, বিভিন্ন শপিং মলের সামনে যাতে অযথা ভীড় না করে তার জন্য ব্যবস্থা নেয়া এবং এলইডি লাইট অপসারনের ব্যবস্থা নেয়া হবে।

৫ দফা দাবি নিয়ে ঝিনাইদহে ফারিয়া’র মানববন্ধন

ঔষধ কোম্পানির প্রতিনিধিদের চাকরির সুনির্দিষ্ট নীতিমালাসহ পাঁচ দফা দাবিতে সোমবার ঝিনাইদহে মানববন্ধন করেছে বাংলাদেশ ফার্মাসিউটিক্যালস্ রিপ্রেজেন্টেটিভস্ এসোসিয়েশন ফারিয়া। সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ঘন্টা ব্যাপী জেলা শহরের অগ্নিবীণা সড়কে খোকা চেয়ারম্যান মার্কেটের সামনে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধন চলাকালে পাঁচ দফা দাবির যৌক্তিকতা তুলে ধরে বক্তব্য রাখেন, ঝিনাইদহ সদর উপজেলার সভাপতি মো: তরিকুল ইসলাম, সাধারণ সম্পাদক মো: এনামুল ইসলাম ও দপ্তর সম্পাদক মশিউর রহমানসহ সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ।

মানববন্ধনে বক্তারা সরকারি নতুন বেতনস্কেল অনুযায়ী ৭ম গ্রেড সমপরিমাণ বেতন, মূল্যস্ফীতির সাথে সামঞ্জস্য রেখে টিএ/ডিএ ও অন্যান্য ভাতাদি প্রদান, চাকরির নিরাপত্তা ও নিশ্চয়তা বিধানসহ সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ণ, বাংলাদেশ ফার্মাসিউটিক্যালস্ রিপ্রেজেন্টেটিভস্ এসোসিয়েশনকে (ফারিয়া) সরকার কর্তৃক স্বীকৃতি ও সাপ্তাহিক ছুটিসহ সকল জাতীয় ছুটি ভোগের বিধানের দাবি জানিয়ে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন।

এসময় স্কয়ার ফার্মা লিঃ, বেক্সিমকো ফার্মা লিঃ, ইনসেপ্টা ফার্মা লিঃ, অপসোনিন ফার্মা লিঃ, ইবনেসিনা ফার্মা লিঃ, একমি ফার্মা লিঃ, এসিআই ফার্মা লিঃ, বায়ো ফার্মা লিঃ, অপসো স্যালাইন লিঃ, ফার্মাশিয়া ফার্মা লিঃ, কসমিক ফার্মা লিঃ, র্যাংস ফার্মা লিঃ সহ আরও অন্যান্য কোম্পানির প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

এছাড়াও সেখানে উপস্থিত ছিলেন, খুলনা ডিভিশন ফারিয়া’র সভাপতি মো: মিজানুর রহমান, সাংগঠনিক সম্পাদক মো: আনিসুর রহমানসহ অন্যান্য কেন্দ্রীয় নেতৃবৃন্দ।

কালীগঞ্জে সবজির ক্ষেত নষ্টের প্রতিবাদে মানববন্ধন

ঝিনাইদহের কালীগঞ্জে কৃষকের সবজি ক্ষেত নষ্টকারীদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির ও ক্ষতিগ্রস্ত কৃষকের ক্ষতিপূরণের দাবিতে মানববন্ধন হয়েছে।

গত দুইমাসে কালীগঞ্জ উপজেলার বিভিন্ন এলাকায় কৃষকের ধরন্ত ও পাকা সবজির ক্ষেত নষ্ট করে দিচ্ছে দুর্বৃত্তরা। প্রায় ২০ জনের অধিক কৃষকের মরিচ, বেগুন, লাউ, কলাসহ বিভিন্ন ধরনের সবজির আবাদ নষ্ট হয়েছে।

এতে করে কৃষকের আনুমানিক ১৫ লক্ষাধিক টাকার ক্ষতি সাধন হয়েছে। সবজির ক্ষেত নষ্ট করা নিয়ে কালীগঞ্জ উপজেলার আইনশৃঙ্খলা সভায় উদ্বেগ প্রকাশ করা হয়। এবং মহল্লা ভিত্তিক পাহারার জন্য পরামর্শ

দেওয়া হয়।

সোমবারের এই মানববন্ধনে উপস্থিত ছিলেন কালীগঞ্জ উপজেলা কৃষক লীগের সভাপতি মো: আবুল কালাম আজাদ, প্রত্যাশা ফোরামের সভাপতি মো: নুরুজ্জামান ও সাধারণ সম্পাদক বশির আহমেদ চন্দন, কালীগঞ্জ কাচামাল হাটের নেতৃবৃন্দ সহ প্রত্যাশা ফোরামের সদস্যগণ ও চাষীরা। এই মানববন্ধনের আয়োজন করে “প্রত্যাশা ২০২১ ফোরাম।

ঝিনাইদহে সুবিধাবঞ্চিত শিশুদের মাঝে বস্ত্র বিতরণ

ঝিনাইদহে বেসরকারি সমাজকল্যাণ সংগঠন আশ্রয় এর উদ্যোগে আর্থিকভাবে পিছিয়ে পড়া অর্ধশতাধিক সুবিধাবঞ্চিত পরিবারের শিশুদের মাঝে বস্ত্র বিতরণ করা হয়েছে।

গত শনিবার বিকালে ঝিনাইদ পৌর ইকোপার্কের এ আয়োজনে আশ্রয়ের সভাপতি শুভ কুমার বিশ্বাস এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহের জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

এছাড়াও অথিতি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ পৌরসভার মেয়র ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, সাবেক অধ্যক্ষ আমিনুর রহমান টুকু, সমাজসেবক সাজেদুর রহমান জোয়ার্দ্দার (ফেটু), পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম। তাছাড়াও সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক নেতৃবন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে আর্থিকভাবে অস্বচ্ছল ৫১ জন সুবিধাবঞ্চিত শিশুদের মাঝে নতুন পোশাক বিতরণ করেন অতিথিবৃন্দ। নতুন পোশাক পেয়ে শিশুরা অত্যন্ত খুশী ও আনন্দ উপভোগ করে।
অতিথিবৃন্দ এরকম কার্যক্রম আগামীতে চলমান রাখার আহবান জানান।

ঝিনাইদহে যুবলীগের উদ্যোগে শেখ রাসেলের জন্মবার্ষিকী পালন

ঝিানইদহে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৭তম জন্মবার্ষিকী পালন করা হয়েছে। রোববার বিকেলে আওয়ামী যুবলীগের আয়োজনে এ জন্মবার্ষিকী পালণ করা হয়।

এ উপলক্ষে র্যালী, আলোচনা সভা ও দোয়া মাহফিল অুনষ্ঠিত হয়েছে। যুবলীগ নেতাকর্মীরা শহরের ওয়াজির আলী স্কুল থেকে একটি আনন্দ র্যালী বের করে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পোস্ট অফিস মোড়ে এসে এক আলোচনা সভায় মিলিত হয়।

সদর থানা যুবলীগের আহবায়ক শাহ্ মোহাম্মদ ইব্রাহীম খলিল রাজার সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সমি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর আওয়ামী লীগের সভাপতি জীবন কুমার বিশ্বাস, জেলা শ্রমিক লীগের সাবেক সভাপতি আক্কাস আলী, জেলা যুবলীগের আহবায়ক আশফাক মাহমুদ জন,

যুগ্ম-আহবায়ক রাজু আহমেদ, যুবলীগ নেতা জাহাঙ্গির আলম, সদর থানা যুবলীগের যুগ্ম-আহবায়ক হারুনর রশিদ, পৌর যুবলীগের আহবায়ক কাজী জাহিদ হাসান দিপুল, যুগ্ম-আহবায়ক রাম সরকার, আব্দুল্লাহ আল মামুন। পরে সন্ধ্যায় শেখ রাসেলসহ বঙ্গবন্ধুর পরিবারের সকল সদস্যদের জন্য দোয়া মোনাজাত করা হয়। এছাড়াও অনুষ্ঠানে আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে সাবেক ইউপি চেয়ারম্যানের ইন্তেকাল

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার ১নং সাফদারপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান নওয়াজেশ আলী বিশ্বাস ইন্তেকাল করেছেন।

(ইন্নালিল্লাহি…..রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭০ বছর। শুক্রবার সন্ধ্যায় চিকিৎসাধীন অবস্থায় তিনি ইন্তেকাল করেন।

মরহুম নওয়াজেশ আলী বিশ্বাস উপজেলার সাফদারপুর ইউনিয়নের বলরামনগর গ্রামের মৃত লাল মোহাম্মাদ বিশ্বাসের ছেলে ও বর্তমান ইউপি চেয়ারম্যান নওশের আলী নাসিরের বড় ভাই। এবং উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলীর বড় মামা । মরহুম নওয়াজেশ আলী ৯০ এর দশকে গোল্ড ম্যাডেল প্রাপ্ত দুইবার নির্বাচিত চেয়ারম্যান। মৃত্যুকালে তিনি স্ত্রী ২ ছেলে ও ৪ মেয়ে সহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

রবিবার বেলা ১১ টায় নিজ গ্রামের ঈদগাহ ময়দানে মরহুমের জানাযা নামাজ শেষে পারিবারিক কবরস্থানে দাফন করা হয় । এসময় উপস্থিত ছিলেন, পৌর মেয়র জাহিদুল ইসলাম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, এলাঙ্গী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান খাঁন, কুশনা ইউপি চেয়ারম্যান আব্দুল হান্নান, দোড়া ইউপি চেয়ারম্যান কাবিল উদ্দীন, সাবেক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোয়াবিয়া হুসাইন,বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক সহ স্থানীয় ইউপি সদস্য, আ.লীগ ও অঙ্গসংগঠনের নেতা-কর্মী এবং বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও নানা শ্রেণী পেশার মানুষ।

এদিকে সাবেক ইউপি চেয়ারম্যান নওয়াজেশ আলীর মৃত্যুতে গভীর শোক ও শোকাহত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য এ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চল।